# Times Today BD

জেলা প্রতিনিধি | দেশজুড়ে | 20 April, 2025

দিনাজপুরের বিরামপুরে বন্ধুর সঙ্গে মোটরসাইকেলে ঘুরতে বেরিয়ে সড়ক দুর্ঘটনায় হাসান আলী নামের এক এসএসসি পরীক্ষার্থী নিহত হয়েছে। এ ঘটনায় নাঈম নামের আরেকজন আহত হয়েছে।

রবিবার (২০ এপ্রিল) বেলা সাড়ে ১১টায় উপজেলার পল্লবীর মোড় এলাকায় এই দুর্ঘটনা ঘটে।

নিহত হাসান বিরামপুর উপজেলার থানাপাড়া এলাকার মিলন মিয়ার ছেলে। সে এবার আমানুল্লাহ স্কুল থেকে এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করেছে। আহত নাঈম একই এলাকার নিয়ামত হকের ছেলে।

বিরামপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মমতাজুল হক বলেন, ‘আজ বেলা ১১টার দিকে দুই বন্ধু বাড়ি থেকে মোটরসাইকেল নিয়ে ঘুরতে বের হয়। এ সময় গোবিন্দগঞ্জ থেকে আসা দ্রুতগামী একটি মালবাহী পিকআপ উপজেলার পল্লবীর মোড় নামক এলাকায় আসলে পেছন থেকে তাদের মোটরসাইকেলটিকে সজোরে ধাক্কা দেয়। এতে হাসান আলী মোটরসাইকেল থেকে ছিটকে পড়ে পিকআপের নিচে চাপা পড়ে। গুরুতর আহত অবস্থায় স্থানীয়রা তাদের উদ্ধার করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত বলে ঘোষণা করেন।

ওসি আরও জানান, হাসানের মাথায়, বুকে ও কোমরে গুরুতর আঘাতে তার মৃত্যু হয়েছে বলে জানিয়েছেন চিকিৎসক। এ ঘটনায় সড়ক পরিবহন আইনে মামলা দায়ের করা হবে। নিহতের

মরদেহ প্রক্রিয়া শেষে তার পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে।

দিনাজপুর এসএসসি পরীক্ষার্থী প্রাণ মোটরসাইকেল

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 13:37

URL: https://timestodaybd.com/across-the-country/7758071119